

## রাজা রামমোহন রায়ের সংক্ষিপ্ত জীবনী

- ১৭৭২ ২২শে মে হুগলী জেলার খানাকুল থানার রাখানগর গ্রামে জন্মগ্রহণ করেন।
- ১৭৮০ প্রথম বিবাহ এবং অল্পদিনের মধ্যেই স্ত্রীর মৃত্যু হয়
- ১৭৮১ - ৮২ দ্বিতীয় ও তৃতীয় বিবাহ। তৃতীয় স্ত্রী উমাদেবী।
- ১৭৮২ পাটনা ও বারানসীতে অধ্যয়ন।
- ১৭৮৮ প্রথম গ্রন্থ রচনা (পৌত্তলিকতার বিরুদ্ধে) অপ্রকাশিত
- ১৭৮৮ - ৯২ গৃহত্যাগ ও তিব্বতসহ ভারতের বিভিন্ন স্থানে ভ্রমণে এবং জ্ঞান অর্জন।
- ১৭৯৬ পৈতৃক সম্পত্তি বিভাজন।
- ১৭৯৭ কলিকাতায় প্রথম আগমন।
- ১৮০০ ফোর্ট উইলিয়ম কলেজের সঙ্গে যুক্ত।
- ১৮০১ প্রথম সন্তান রাখাপ্রসাদের জন্ম।
- ১৮০৩ পিতৃ বিয়োগ। উডফোর্ডের অধীনে প্রথম সরকারি চাকরি।
- ১৮০৪ ফারসি ভাষায় লেখা প্রথম প্রকাশিত গ্রন্থ 'তুহফাৎ -উল-মুওয়াহিদ্দিন'।
- ১৮০৫-১৪ ডিগবীর অধীনে মুন্সী হিসেবে কর্মরত।
- ১৮০৯ ভাগলপুরের হ্যামিলটনের অন্যায় ব্যবহারের বিরুদ্ধে লর্ড মিন্টোর কাছে প্রতিবাদ।
- ১৮১২ জ্যেষ্ঠভ্রাতা জগমোহন রায়ের মৃত্যু ও বৌদি অলকমঞ্জুরীর সতীদাহ।  
সতীদাহ উচ্ছেদে সংকল্প গ্রহণ।
- ১৮১৪ কলিকাতায় বসতবাটি ক্রয় ও স্থায়ীভাবে বসবাস।
- ১৮১৫ কলিকাতায় স্থায়ীভাবে বসবাস ও 'আত্মীয় সভা' স্থাপন। ধর্ম সংস্কার সম্পর্কে দেশবাসীর উদ্দেশে বিভিন্ন গ্রন্থ রচনা ও প্রচার।
- ১৮১৭ হিন্দু কলেজের প্রতিষ্ঠা। রামমোহনের বিরুদ্ধে গোবিন্দপ্রসাদের নিখ্যা মোকদ্দমা। রঘুনাথপুরে শ্মশানের পিছনে নিজগৃহে বাস।
- ১৮১৮ সতীদাহ প্রথার অবসানের জন্য প্রত্যক্ষভাবে আন্দোলন। কনিষ্ঠপুত্র রমাপ্রসাদের জন্ম।
- ১৮২০ Precepts of Jessus. Guide to Peace and Happiness গ্রন্থের প্রকাশ; ইংরেজিতে 'খ্রিস্টের উপদেশ', রচনা ও প্রকাশ; মিশনারীদের সঙ্গে বাদানুবাদ।
- ১৮২১ 'সম্বাদ কৌমুদী' সাময়িকপত্র প্রকাশ। স্পেন দেশে গণতন্ত্রের বিজয়ে টাউন হলে ভোজসভা দেন। স্পেনের সংবিধান উপহার।
- ১৮২২ পুরীতে মাতৃবিয়োগ। অ্যাংলো হিন্দু স্কুল ও কলকাতার প্রথম ফরাসি পত্রিকা 'মিতার-উল-আখবার' প্রকাশ।
- ১৮২৩ সংবাদপত্রের নিয়ন্ত্রণের বিরুদ্ধে প্রতিবাদ ও আধুনিক বিজ্ঞান শিক্ষা ব্যবস্থার জন্য আবেদন।
- ১৮২৮ দ্বিতীয়া স্ত্রীর মৃত্যু।  
'জুরি বিল' এর প্রতিবাদে পার্লামেন্টে আবেদন।
- ১৮২৯ সপ্তাহ দ্বিতীয় আকবর শাহের কাছ থেকে 'রাজা' উপাধি লাভ।
- ১৮৩০ ১৯শে সেপ্টেম্বর কলকাতা থেকে বিলেত যাত্রা।
- ১৮৩১ লিভারপুল হয়ে লন্ডনে গমন। ইংলন্ডের পার্লামেন্টে উপস্থিতি ও আলোচনা।
- ১৮৩২ ফ্রান্সে গমন ও প্যারিসে বিপুল সংবর্ধনা লাভ।
- ১৮৩৩ প্যারিস থেকে লন্ডনে প্রত্যাবর্তন, প্রিভি কাউন্সিলে সতীদাহ বিরোধী আইন অনুমোদন; সেপ্টেম্বর মাসে লন্ডন থেকে ব্রিস্টলে গমন। ২৭ সেপ্টেম্বর ব্রিস্টল শহরে আট দিনের জ্বর ও ধনুষ্ট্রকার রোগে মৃত্যু। ১৮ই অক্টোবর শুক্রবার বেলা দু'টোয় স্টেপলটন গ্রোভে মনোরম বৃক্ষরাজির নিচে, নির্জন স্থানে 'মহামানবকে' সমাধিস্থ করা হয়।